# বিএনপি তত্ত্বাবধায়ক সরকার নয়, নিরপেক্ষ ভূমিকা চায়: আইন উপদেষ্টা



সংগৃহীত ছবি

আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল বলেছেন, বিএনপি তত্ত্বাবধায়ক সরকার গঠনের দাবি করেনি, বরং অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষ ভূমিকা প্রত্যাশা করেছে। তিনি জানিয়েছেন, সরকার ইতোমধ্যে নিরপেক্ষভাবে কাজ করছে এবং নির্বাচন নিয়ে বিভ্রান্তি দূর করতে পদক্ষেপ নিচ্ছে।

বিএনপি তত্ত্বাবধায়ক সরকার চায়নি, তারা কেবল অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষ ভূমিকার কথা বলেছে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। বুধবার (২২ অক্টোবর) দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান।

আইন উপদেষ্টা বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে সরকারের কোনো সংশয় নেই। তবে বিভিন্ন রাজনৈতিক দলের বিবৃতি ও মন্তব্যের কারণে জনগণের মধ্যে কিছু বিভ্রান্তি তৈরি হয়েছে। “আমার বিশ্বাস, জুলাই সনদ বাস্তবায়নের অগ্রগতি দৃশ্যমান হলে এসব সংশয় দ্রুত কেটে যাবে,” তিনি বলেন।

তিনি আরও জানান, জনপ্রশাসনের বদলি ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিএনপির আপত্তির পরিপ্রেক্ষিতে প্রধান উপদেষ্টা নিজেই বিষয়টি দেখভাল করবেন। “সব রাজনৈতিক দলই প্রশাসনে দলীয় প্রভাবের অভিযোগ করছে—এর অর্থ হলো, সরকার নিরপেক্ষভাবে কাজ করছে,” বলেন আসিফ নজরুল।

১৫ সেনা কর্মকর্তার বিষয়ে তিনি বলেন, গুম-খুনের অভিযোগে অভিযুক্ত সেনা সদস্যদের সাবজেলে রাখার সিদ্ধান্ত নিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ট্রাইব্যুনালে বিচার প্রক্রিয়া চলমান, এবং সেনাবাহিনীর সেই প্রক্রিয়ার প্রতি শ্রদ্ধা অত্যন্ত প্রশংসনীয়। আসামিদের কোথায় রাখা হবে, তা সম্পূর্ণভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ওপর নির্ভর করবে।

প্রসঙ্গত, মঙ্গলবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক শেষে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, আসন্ন নির্বাচনকে অর্থবহ ও গ্রহণযোগ্য করতে অন্তর্বর্তী সরকারকে তত্ত্বাবধায়ক সরকারের আদলে পরিচালিত করতে হবে।